দৈনিক ইত্তেফাক

APR. 25 2002

তারিখ ……………
পৃষ্ঠা ৫ কলাম ৪

# ঢাকা ভার্সিটিতে স্বজনপ্রীতির তদন্ত রিপোর্ট প্রকাশের দাবীতে ছাত্রদলের বিক্ষোভ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ আওয়ামী লীগ শাসনামলে ঢাকা বিশ্ববিদ্যালয়ে নিয়োগ বৈষম্য, আর্থিক দুর্নীতি, দলীয়করণ এবং স্বজনপ্রীতির তদন্ত রিপোর্ট অবিলম্বে প্রকাশের দাবীতে ছাত্রদল গত রবিবার ক্যাম্পাসে বিক্ষোভ সমাবেশ এবং ভিসি'র নিকট স্মারকলিপি পেশ করেছে। বটতলার ছাত্রদল সমাবেশে নেতৃবৃন্দ বলেন, বিগত আওয়ামী লীগের আমলে ঢাকা বিশ্ববিদ্যালয়ে পরিণত হয় আওয়ামী পুনর্বাসন কেন্দ্রে। ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মনির হোসেনের সভাপতিত্বে মোস্তাফিজুল ইসলাম মামুন, আলী হায়দার লেনিন, নুরুল ইসলাম নয়ন, আসাদুজ্জামান আসাদ প্রমুখ বক্তব্য রাখেন।